প্রথম আলো

তারিখ ... 18 JAN 2006 ...
পৃষ্ঠা ... ৯ ... কলাম ... ৩ ...

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের আরবি পরীক্ষায় অনেক পরীক্ষার্থী অংশ নিতে পারেননি

নিজস্ব প্রতিবেদক

সংশোধিত সময়সূচি জানতে ব্যর্থ হয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে চলমান ডিগ্রি পরীক্ষার আরবি বিষয়ে দেশের বিভিন্ন অঞ্চলের অনেক পরীক্ষার্থী অংশ নিতে পারেননি। গতকাল মঙ্গলবারের পরীক্ষা দিতে এসে তারা জানতে পারেন, আগের দিন সোমবার পরীক্ষাটি হয়ে গেছে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক মোঃ ইব্রাহীম প্রথম আলোকে বলেন, সংশোধিত সময়সূচির কথা জেলা প্রশাসক, কলেজ কর্তৃপক্ষ এবং পত্রিকার মাধ্যমে জানানো হয়েছে। আরবি বিষয়ের অধিকাংশই প্রাইভেট পরীক্ষার্থী হওয়ায় শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে তাদের সম্পর্ক থাকে না। এসএসসি পরীক্ষার আগেই ডিগ্রি পরীক্ষা শেষ করা এবং তাড়াতাড়ি ফল প্রকাশের জন্য কিছু পরীক্ষার তারিখ এগিয়ে আনা হয়েছিল।

দেশের বিভিন্ন এলাকা থেকে আমাদের প্রতিনিধিরা জানিয়েছেন, পরীক্ষা দিতে না পারা পরীক্ষার্থীরা সংশোধিত সময়সূচি জানতেন না। পূর্বঘোষিত সময়সূচি অনুযায়ী গতকাল তারা পরীক্ষা দিতে গিয়েছিল।

**চাঁপাইনবাবগঞ্জ অফিস** জানায়, নবাবগঞ্জ সরকারি মহিলা কলেজ কেন্দ্রে ১১ জন পরীক্ষার্থী গতকাল পরীক্ষা দিতে পারেননি। জেলা প্রশাসক ফেরদৌস আলমের কাছে তারা এ ব্যাপারে অভিযোগ করেছেন। তারা বলেন, পরীক্ষার তারিখ সাধারণত পেছানো হয়, কিন্তু এবার এগিয়ে আনা হলেও সেভাবে জানানো হয়নি।

**বরগুনা প্রতিনিধি** জানান, বরগুনা সরকারি মহিলা কলেজ কেন্দ্রের ২৮ জন পরীক্ষার্থী আরবি পরীক্ষায় অংশ নিতে পারেনি। তারা কলেজ অধ্যক্ষ এবং ভারপ্রাপ্ত জেলা প্রশাসকের কাছে এ ব্যাপারে অভিযোগ করেন। তবে কেন্দ্র সচিব; মনিরুল ইসলাম জানান, পরিবর্তিত সময়সূচি প্রথম পরীক্ষার দিনই হলে হলে পরীক্ষার্থীদের জানিয়ে দেওয়া হয়।